# Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 09 May, 2025

বিশ্বের ১৪০ কোটি ক্যাথলিকের নতুন ধর্মগুরু নির্বাচিত হয়েছেন যুক্তরাষ্ট্রের কার্ডিনাল রবার্ট ফ্রান্সিস প্রেভোস্ট।তিনি পরিচিত হবেন পোপ চতুর্দশ লিও নামে।রবার্ট ফ্রান্সিস প্রথম কার্ডিনাল, যিনি যুক্তরাষ্ট্র থেকে পোপ নির্বাচিত হলেন।

গতকাল বৃহস্পতিবার ভ্যাটিকানে দ্বিতীয় দিনের ভোটাভুটিতে নতুন পোপ নির্বাচিত হন রবার্ট ফ্রান্সিস (৬৯)। বিশ্বের ৭০টি দেশ থেকে ভ্যাটিকানে জড়ো হওয়া ১৩৩ কার্ডিনাল এই ভোটাভুটিতে অংশ নেন।

রবার্ট ফ্রান্সিস নতুন পোপ নির্বাচিত হওয়ার পর সেন্ট পিটার্স স্কয়ারে সমবেত হাজারো অনুসারীর উদ্দেশে প্রথম ভাষণ দেন। এ সময় আবেগাপ্লুত নতুন পোপ বলেন, ‘আপনারা সবাই শান্তিতে থাকুন। তিনি তাঁর পূর্বসূরি প্রয়াত পোপ ফ্রান্সিসের প্রতি শ্রদ্ধা জানান।তিনি বলেন, ‘আমাদের একসঙ্গে মিশনারি গির্জা গড়ে তুলতে হবে, যে গির্জা সেতুবন্ধ গড়ে তোলে। ইতালির ভাষায় দেওয়া বক্তৃতায় নতুন পোপ অন্যদের প্রতি উদারতা দেখাতে অনুসারীদের প্রতি আহ্বান জানান।

ভ্যাটিকানের সেন্ট পিটার্স ব্যাসিলিকায় প্রার্থনার মধ্য দিয়ে গত বুধবার ২৬৭তম পোপ নির্বাচনের আনুষ্ঠানিক প্রক্রিয়া শুরু হয়।ওই দিন স্থানীয় সময় বিকেলে প্রথম দফায় ভোট দেন কার্ডিনালরা। প্রায় সাড়ে তিন ঘণ্টা পর সিস্টিন চ্যাপেলের চিমনি দিয়ে কালো ধোঁয়া বের হয়। অর্থাৎ প্রথম দফার ভোটে পোপ হিসেবে কেউ নির্বাচিত হননি।এরপর বৃহস্পতিবার সকালে দুই দফা ভোটাভুটির পরও কালো ধোঁয়া বের হয় চিমনি দিয়ে।তাই এদিন আবারও ভোটের প্রক্রিয়া শুরু হয়।সেই ভোট শেষে চিমনি থেকে সাদা ধোঁয়া বের হয়, অর্থাৎ নতুন পোপ নির্বাচিত হয়েছেন।

ভ্যাটিকান খ্রিস্টান ধর্ম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:42

URL: https://www.timestodaybd.com/public/international/9147812184